ISSN 2664-4266

NATIONAL BULLETIN OF PUBLIC HEALTH

Volume 8 • Issue 3 • December 2025

INSIDE

- Bovine Tuberculosis in Artificially Inseminated Bulls in Selected Farms of Bangladesh, 2019
- One Health Initiatives in Barishal: Experiences from Advancing Antimicrobial Resistance Surveillance and Zoonotic Disease Research at the Regional Level.
- A Summary Report of the National Influenza Surveillance Bangladesh (NISB) – 2015 to 2021.
- National Antimicrobial Resistance (AMR) Surveillance in Bangladesh

INSTITUTE OF EPIDEMIOLOGY, DISEASE CONTROL & RESEARCH (IEDCR)
Mohakhali, Dhaka - 1212, Bangladesh, Phone: +880-2-222262270, 222280376, 222298691
e-mail: nbph@iedcr.gov.bd or nbphiedcr@gmail.com
Web: https://nbph.iedcr.gov.bd, https://iedcr.gov.bd

Bovine Tuberculosis in Artificially Inseminated Bulls in Selected Farms of Bangladesh, 2019

Ashis Kumar Kundu[1], Quazi Ahmed Zaki[2], Mallick Masum Billah[3], Sharmin Sultana[1], Sk Shaheenur Islam[1]

[1]Department of Livestock Services, Dhaka, [2]Institute of Epidemiology, Disease Control and Research (IEDCR), [3]South Asia Field Epidemiology and Technology Network Inc.

(SAFETYNET)

E-mail: ashis.bau@gmail.com

Introduction

Bovine tuberculosis (bTB) is an infectious bacterial disease in cattle, primarily caused by Mycobacterium bovis, a species within the M. tuberculosis complex (1). bTB hinders the milk, meat, and semen production in livestock with worldwide annual loss to agriculture of $3 billion (2-4). In addition, it also poses a threat to public health. Globally, most cases of zoonotic TB are caused by M. bovis, cattle being the major reservoir. In animals, it is transmitted through direct contact with an infected animal, ingestion of contaminated food or water, consumption of contaminated animal products such as unpasteurized milk, and infected semen at coitus (5).

Artificial insemination by using bull semen is now an established and widely accepted method to improve the quality of breeds, leading to improved quality and amount of meat, as well as increasing the milk output. As bTB is endemic in most livestock farms in South Asian and many other developing countries, the presence of Tubercle bacilli in semen can pose a significant risk to cows during artificial insemination (6). The prevalence of the disease varies from region to region and even from one farm to another in the same locality. There is scarce information on its incidence in the artificially inseminated bulls or its economic impact on the livestock industry available in Bangladesh. This study aimed to determine the prevalence of bTB in AI bulls in Bangladesh.

Methods

Study Design and Timeline

It was a descriptive type of study. Here, the Single Intradermal (SID) skin test with PPD has been used to detect the prevalence of bTB among the animals >6 months of age. The study was conducted by the LRI under

বাংলাদেশের নির্বাচিত খামারে কৃত্রিম প্রজননকারী ষাঁড়ের মধ্যে গরুর যক্ষ্মার সংক্রমণ, ২০১৯

আশিষ কুমার কুন্ডু[১], কাজী আহমেদ জাকি[২], মল্লিক মাসুম বিল্লাহ[৩], শারমিন সুলতানা[১], শেখ শাহিনুর ইসলাম[১]

[১]প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫, বাংলাদেশ; [২]রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর), মহাখালী, ঢাকা, বাংলাদেশ; [৩]সাউথ এশিয়া ফিল্ড এপিডেমিওলজি অ্যান্ড টেকনোলজি নেটওয়ার্ক ইনক. (SAFETYNET)

প্রেক্ষাপট

গরুর যক্ষ্মা (বোভাইন টিউবারকুলোসিস বা bTB/ বিটিবি) হলো গবাদিপশুর একটি সংক্রামক ব্যাকটেরিয়াজনিত রোগ, যা প্রধানত মাইকোব্যাক্টেরিয়াম বোভিস দ্বারা হয়, যেটি মাইকোব্যাক্টেরিয়াম টিউবারকুলোসিস কমপ্লেক্সের একটি উপপ্রজাতি। bTB একটি গুরুত্বপূর্ণ ব্যাকটেরিয়াজনিত রোগ যা গবাদিপশুর দুধ, মাংস ও বীর্য উৎপাদনে বাধা সৃষ্টি করে এবং বিশ্বব্যাপী কৃষিক্ষেত্রে বার্ষিক ৩ বিলিয়ন ডলার ক্ষতি সাধন করে। উপরন্তু, এটি জনস্বাস্থ্যের জন্যও হুমকিস্বরূপ। বিশ্বব্যাপী জুনোটিক টিউবারকুলোসিসের অধিকাংশ ক্ষেত্রেই মাইকোব্যাক্টেরিয়াম বোভিস দায়ী এবং গরু এই রোগের প্রধান বাহক হিসেবে কাজ করে। এই রোগ সংক্রমিত প্রাণির সরাসরি সংস্পর্শ, দূষিত খাদ্য বা পানি গ্রহণ, জীবাণুযুক্ত পশুপণ্য যেমন পাস্তুরীকরণবিহীন দুধ বা যৌন মিলনের সময় সংক্রমিত বীর্যের মাধ্যমে প্রাণি থেকে প্রাণিতে ছড়াতে পারে।

গুণগত মান বৃদ্ধি করার লক্ষ্যে বর্তমানে ষাঁড়ের বীর্য ব্যবহার করে কৃত্রিম প্রজনন একটি প্রতিষ্ঠিত ও ব্যাপকভাবে গ্রহণযোগ্য একটি পদ্ধতি। এই পদ্ধতির মাধ্যমে মাংসের গুণগত মান ও পরিমাণ এবং দুধ উৎপাদনও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়। যেহেতু গরুর যক্ষ্মা দক্ষিণ এশিয়ার অধিকাংশ পশু খামারে এবং অন্যান্য অনেক উন্নয়নশীল দেশে স্থানিক (এনডেমিক) রূপে বিদ্যমান, কৃত্রিম প্রজননের সময় বীর্যে যক্ষ্মার জীবাণু (টিউবারকেল ব্যাসিলাই) উপস্থিত থাকলে তা গাভীর জন্য একটি গুরুতর স্বাস্থ্যঝুঁকি সৃষ্টি করতে পারে। এই রোগের প্রকোপ অঞ্চলভেদে, এমনকি একই এলাকার বিভিন্ন খামারের মধ্যেও ভিন্নতা প্রদর্শন করে। বাংলাদেশে কৃত্রিম প্রজননকারী ষাঁড়ের মধ্যে গরুর যক্ষ্মার সংক্রমণ এবং এর অর্থনৈতিক প্রভাব সম্পর্কে তথ্য অত্যন্ত সীমিত। এই গবেষণার উদ্দেশ্য ছিল বাংলাদেশে কৃত্রিম প্রজনন ষাঁড়ের মধ্যে যক্ষ্মার সংক্রমণের হার নির্ধারণ করা।

পদ্ধতি

গবেষণার কাঠামো ও সময়সীমা

এটি একটি বর্ণনামূলক গবেষণা। এখানে ৬ মাসের বেশি বয়সী প্রাণীদের মধ্যে গরুর যক্ষ্মা এর প্রাদুর্ভাব নির্ণয়ের জন্য PPD ব্যবহার করে সিঙ্গেল ইন্ট্রাডার্মাল (SID) স্কিন টেস্ট প্রয়োগ

the Department of Livestock Services (DLS) in various government and private farms (located at Bagerhat, Barisal, Cumilla, Dhaka, Faridpur, Gazipur, Mymensingh, Noakhali, Rajshahi, Sylhet, and Thakurgaon) as a part of the annual screening programme in 2019.

A total of 632 Artificially Inseminated (AI) bulls were tested by CFT using bPPD in the caudal fold region, and the reaction in the AI bulls was observed. All the reactors to CFT were subjected to CCT using both bPPD and aPPD at the two sites of the neck region for confirmation. The secondary data obtained from the VPH Section of LRI were analysed using Excel 2010 and Epi-Info Version 7.

Of the 632 AI bulls, 509 bulls and 52 buffalo bulls were used for breeding purposes. Demographic information was collected from the VPH section. AI bulls aged <6 months were excluded. The on-farm test was conducted by a veterinary medical team formed by the Principal Scientific Officer of the VPH Section of LRI.

Caudal Fold Test (CFT) and Comparative Cervical Test (CCT)

Two internationally accepted standard for screening and confirming bTB in cattle, buffalo etc are the CFT and CCT. For the initial screening test, CFT is done, while CCT is performed as a secondary or confirmatory test in animals which respond to the CFT. In this study, the following were done:

In CFT, 0.1 ml of bPPD, containing purified protein derivatives of Mycobacterium bovis, strain AN-5 (10000 IU/ml), was injected into the fold of skin at the base of the tail. The results of CFT were read 72±6 h later. It was diagnosed as positive if the inflammation occurring at the point of inoculation was characterized by a swelling ranging from a small pea to an orange. The swelling was either soft and oedematous or somewhat hard in nature. Alternatively, a test was also positive if there was a swelling at the injection site with a 4 mm thickness difference compared to the opposite caudal fold. An animal with one caudal fold was positive if its thickness was 8 mm or more.

After a period of 60 days, following the same procedure of inoculation, 0.1 ml of aPPD containing purified protein derivatives of Mycobacterium avium, subsp. avium strain D4 ER. (25.000 IU/ml) was inoculated in the upper side of the neck. Another 0.1 ml of bovine PPD was inoculated in the lower side of the neck. In CCT, two injections were made intradermally. Initial skin thickness was measured by standard slide callipers before inoculation with PPD. Reading was taken after 72(±6) h. A swelling >4 mm from the initial reading was considered positive, a swelling between 3.0 and 3.99 mm was classified as doubtful, and a swelling less than 3.0 mm was considered negative.

The method described by Welchi (1915) was followed throughout the experiment for inoculating the animals (7).

করা হয়েছে। ২০১৯ সালে বার্ষিক স্ক্রিনিং কর্মসূচির অংশ হিসেবে প্রাণিসম্পদ অধিদপ্তর (DLS)-এর আওতাধীন লাইভস্টক রিসার্চ ইনস্টিটিউট (LRI) কর্তৃক এই গবেষণাটি সরকারি ও বেসরকারি বিভিন্ন খামারে পরিচালিত হয়, যা বাগেরহাট, বরিশাল, কুমিল্লা, ঢাকা, ফরিদপুর, গাজীপুর, ময়মনসিংহ, নোয়াখালী, রাজশাহী, সিলেট ও ঠাকুরগাঁও জেলায় অবস্থিত।

মোট ৬৩২টি কৃত্রিম প্রজননে ব্যবহৃত (AI) ষাঁড়কে কডাল ফোল্ড অঞ্চলে bPPD ব্যবহার করে কডাল ফোল্ড টেস্ট (CFT) এর মাধ্যমে পরীক্ষা করা হয় এবং ষাঁড়গুলোতে বিক্রিয়া পর্যবেক্ষণ করা হয়। CFT-তে প্রতিক্রিয়াশীল সকল ষাঁড়কে নিশ্চিতকরণের জন্য গলার অঞ্চলের দুটি পৃথক স্থানে bPPD ও aPPD উভয় ব্যবহার করে কমপারেটিভ সার্ভাইক্যাল টেস্ট (CCT) করা হয়। LRI-এর ভেটেরিনারি পাবলিক হেলথ (VPH) সেকশন থেকে প্রাপ্ত সেকেন্ডারি তথ্য Excel 2010 এবং Epi-Info ভার্সন ৭ ব্যবহার করে বিশ্লেষণ করা হয়েছে।

৬৩২টি AI ষাঁড়ের মধ্যে ৫০৯টি ষাঁড় এবং ৫২টি মহিষ ষাঁড় প্রজননের জন্য ব্যবহৃত হয়েছিল। VPH বিভাগ থেকে ডেমোগ্রাফিক তথ্য সংগ্রহ করা হয়েছিল। যে সকল ষাঁড়ের বয়স ৬ মাসের কম ছিল তাদের পরীক্ষা হতে বাদ দেওয়া হয়েছিল। খামারের পরীক্ষা LRI-এর VPH বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার দ্বারা গঠিত একটি পশুচিকিৎসক দল দ্বারা পরিচালিত হয়েছিল।

কডাল ফোল্ড টেস্ট (CFT) এবং তুলনামূলক গলদেশীয় টেস্ট (CCT)

গবাদিপশু যেমন গরু, মহিষ ইত্যাদিতে গরুর যক্ষ্মা স্ক্রিনিং ও নিশ্চিতকরণের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত দুটি মানক পদ্ধতি হলো CFT এবং CCT। প্রাথমিক স্ক্রিনিং পরীক্ষার জন্য CFT করা হয়, আর যেসব প্রাণী CFT-তে প্রতিক্রিয়া দেখায় তাদের ক্ষেত্রে দ্বিতীয় ধাপ বা নিশ্চিতকরণ পরীক্ষা হিসেবে CCT পরিচালিত হয়। এই গবেষণায় নিম্নোক্ত কার্যক্রমসমূহ সম্পন্ন করা হয়েছে:

CFT পদ্ধতিতে, মাইকোব্যাক্টেরিয়াম বোভিস (strain AN-5) থেকে প্রাপ্ত বিশুদ্ধ প্রোটিন (10000 IU/ml) ০.১ মিলি পরিমাণ পশুর লেজের গোড়ার চামড়ায় ইনজেকশন দেওয়া হয়। ৭২±৬ ঘণ্টা পরে প্রতিক্রিয়া পর্যবেক্ষণ করা হয়। পজিটিভ CFT প্রতিক্রিয়ায় ইনজেকশনের স্থানে ব্যথাযুক্ত ফোলাভাব দেখা যায়, যার আকৃতি মটরের দানার মতো ছোট থেকে শুরু করে কমলা ফলের মতো বড় হতে পারে (চিত্র ১)। এই ফোলাভাব হয় নরম ও ফ্লুইড সম্বলিত কিংবা শক্ত প্রকৃতির। যদি দুটি কডাল ফোল্ডের মধ্যে ৪ মিমি বা তার বেশি পার্থক্য থাকে অথবা যেকোনো একটি ফোল্ডে পুরুত্ব ৮ মিমি বা তার বেশি হয়, তবে সেটিকে পজিটিভ ধরা হয়।

৬০ দিন পর, একই পদ্ধতিতে গলার ওপরের অংশে ০.১ মিলি avian PPD (25,000 IU/ml) এবং নিচের অংশে ০.১ মিলি bovine PPD ইনজেকশন দেওয়া হয়। CCT-তে দুটি স্থানে ইনজেকশন দেওয়া হয়–গলার ওপরের স্থানে avian PPD এবং নিচের স্থানে bovine PPD। ইনজেকশনের আগে স্ট্যান্ডার্ড স্লাইড ক্যালিপার দিয়ে প্রাথমিক চামড়ার পুরুত্ব মাপা হয় এবং ৭২±৬ ঘণ্টা পরে পুনরায় পরিমাপ

Results

Of the 2,356 animals tested by the VPH Section for bovine tuberculosis (bTB) in 2019, a total of 632 AI bulls were included in this study. Among them, 61% were from government farms and the remaining from private farms. The highest proportion of animals (35.9%) belonged to the 3–6 years age group. Different breeds were tested including Friesian (most common, 37.3%), Local and Friesian crossbreeds, Murrah breed buffalo, and Sahiwal (SL) breed cattle. The tests were analysed on the basis of age and types of breeds. As expected, the positivity of CFT was higher than the CCT in all the breeds. Details of the findings are shown in Table-1.

CFT using bPPD

In this study, 632 AI bulls of different breeds, ages, and species were examined to determine the incidence of tuberculosis by CFT. Out of 632 AI bulls, 22 (3.5%) reacted to CFT with bPPD showing marked painful swelling at the inoculation site in the caudal fold (Figure 1).

CCT using bPPD and aPPD

All the 22 reactors AI bulls at different farms were subjected to CCT test using both aPPD and bPPD at two sites of neck (upper and lower sites, respectively). Among these, 13 AI bulls showed an increase in skin thickness of about 4 mm at the bPPD injection site on the neck, indicating a positive reaction (Figure 2)). There was no reaction found for aPPD.

Among the tested 632 AI bulls, 13 were found bTB positive by confirmatory diagnosis, indicating the prevalence of bTB to be 2.1% (95 % CI: 1.2 - 3.5%) (Table 2). The tests performed in government AI farms were higher than private AI farms, and positivity was higher in government AI farms in both tests (CFT and CCT). Positivity status was 4.4% and 2.8% in government farms and 2.0 and 0.8% in private farms by CFT and CCT, respectively.

Table 1: Distribution of Bovine Tuberculosis (bTB) by different parameters among AI bulls in Bangladesh, 2019 (n=632)

Parameter	Total Tested animal	Total Number positive		Positivity (%)		P (95% CI)	
		CFT	CCT	CFT	CCT	CFT (%)	CCT (%)
Type of farm							
Government	386	17	11	4.4	2.8	2.6 - 7.1	1.4 - 5.0
Private	246	5	2	2.0	0.8	0.7 - 4.7	0.1 - 2.9
Age group (years)							
0-3	161	1	0	0.6	0	0 -3.4	0 - 2.3
3-6	227	17	11	7.5	4.8	4.4 - 11.7	2.4 - 8.5
6-9	186	4	2	2.2	1.1	0.6 - 5.4	0.1 - 3.8
9-12	49	0	0	0	0	0 - 7.3	0 - 7.3
12-15	8	0	0	0	0	0 - 36.9	0 - 36.9
15-18	1	0	0	0	0	0 - 97.5	0 - 97.5
Species							
Bull	509	20	13	3.9	2.6	2.4 - 6	1.4 - 4.3
Bull calf	71	0	0	0	0	0 - 5.1	0 - 5.1
Buffalo bull	52	2	0	3.8	0	0.5 - 13.2	0 - 6.8
Breed							
Local X Friesian (L X F)	200	12	7	6.0	3.5	3.1 - 10.2	1.4 - 7.1
Friesian	236	5	4	2.1	1.7	0.7 - 4.9	0.5 - 4.3
SL	86	2	1	2.3	1.2	0.3 - 8.1	0 - 6.3
Murrah	42	2	0	4.8	0	0.6 - 16.2	0 - 8.4
Others*	68	1	1	1.5	1.5	0 - 7.9	0 - 7.9

* Fleckvieh, Brahman, Gir, Jersey, Munishigonj, Murrah, Nili, Rathi, RCC

Discussion

Bovine Tuberculosis is a problem in developing countries including Bangladesh where veterinary services are not satisfactory. This is due to several factors which have been described in the

করা হয়। যদি ইনজেকশনস্থলে প্রাথমিক পুরুত্বের তুলনায় ৪ মিমি বা তার বেশি ফোলাভাব হয়, তবে সেটিকে পজিটিভ ধরা হয়। ৩.০ থেকে ৩.৯৯ মিমি ফোলাভাব হলে সন্দেহভাজন এবং ৩.০ মিমির কম হলে নেগেটিভ ধরা হয়।

এ পরীক্ষায় পশুদের টিউবারকুলিন ইনজেকশন দেওয়ার জন্য Welchi (1915) পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

ফলাফল

২০১৯ সালে VPH বিভাগ কর্তৃক মোট ২,৩৫৬টি প্রাণির bTB পরীক্ষার মধ্যে ৬৩২টি কৃত্রিম প্রজননকারী (AI) ষাঁড় এই গবেষণায় অন্তর্ভুক্ত করা হয়। এদের মধ্যে ৬১% ছিল সরকারি খামার থেকে এবং বাকিরা ছিল বেসরকারি খামার থেকে। সবচেয়ে বেশি (৩৫.৯%) ষাঁড় ছিল ৩-৬ বছর বয়সী। এই গবেষণায় বিভিন্ন জাতের গরু পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে ফ্রিজিয়ান জাত সবচেয়ে বেশি (৩৭.৩%), এছাড়াও দেশি ও ফ্রিজিয়ান সংকর জাত, মুররাহ জাতের মহিষ এবং সাহিওয়াল জাতের গরু অন্তর্ভুক্ত ছিল। পরীক্ষার ফলাফল বয়স ও জাতভেদে বিশ্লেষণ করা হয়েছে। প্রত্যাশিতভাবেই সকল জাতের ক্ষেত্রে CFT-এ পজিটিভিটির হার CCT-এর তুলনায় বেশি ছিল। গবেষণার বিস্তারিত ফলাফল টেবিল-১ এ উপস্থাপন করা হয়েছে।

bPPD ব্যবহার করে CFT ফলাফল

এই গবেষণায় ৬৩২টি বিভিন্ন জাত, বয়স এবং প্রজাতির AI ষাঁড়ের মধ্যে CFT প্রয়োগ করে যক্ষ্মা সংক্রমণ পরীক্ষা করা হয়। এতে ২২টি ষাঁড় (৩.৫%) ইনজেকশনের স্থানে স্পষ্ট ব্যথাযুক্ত ফোলাভাব দেখায় যা পজিটিভ প্রতিক্রিয়া নির্দেশ করে (চিত্র ১)।

bPPD ও aPPD ব্যবহার করে CCT ফলাফল

CFT-তে পজিটিভ শনাক্ত সব AI ষাঁড়দের গলার ওপর ও নিচের অংশে যথাক্রমে aPPD ও bPPD প্রয়োগ করে CCT পরীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়। এতে ২২টির মধ্যে ১৩টি ষাঁড়ের গলায় bPPD ইনজেকশনের স্থানে ৪ মিমি বা তার বেশি ফোলাভাব দেখা যায়, যা পজিটিভ প্রতিক্রিয়ার নির্দেশ করে (চিত্র ২)। aPPD প্রয়োগস্থলে কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। ৬৩২টি AI ষাঁড়ের মধ্যে ১৩টি নিশ্চিতভাবে

introduction section. The specific way to detect bTB are performed by two well accepted tests, namely CCT and CFT. CCT is easier to perform, can be done by non-veterinarians. A larger group is detected due to the sensitivity of the CCT. To eliminate false positives, the CFT is done as its specificity is more, although it is more specific and required skilled hands.

In this study, reactions to CFT were evident in 3.5% of the total sample by a clear inflammatory response like swelling of a painful nature.

During the CCT, after 60 days of the CFT, 2.1% of bulls were found positive. A similar finding was reported by Islam, who found variations in the numbers of positive animals between the CCT and CFT tests (8). The tuberculin tests in AI bulls, positive reaction was 2.1% in CCT, which is much lower compared to some other studies at Mymensingh, Sirajganj, and Savar districts of Bangladesh, where the prevalence was 7.3%, 10.2% and 27.5% by Mahmud et al. (2014) (9). The apparent prevalence of bTB was 20.6% [95% Confidence Interval (CI): 17.3; 24.3] based on CFT by Islam et. al. (2021) (8). Therefore, it is difficult to draw any conclusion on the incidence of tuberculosis in the AI bulls under this study. The rate of incidence of tuberculosis is influenced by many factors such as geographical situation of a country, temperature, precipitation, hygienic status of humans and animals, and enforced regularity laws in Public Health and Veterinary Public Health sectors (10-11). However, the incidence seems to be reasonably low in the present study area. Very limited programmes have been taken yet to eradicate tuberculosis from the animals particularly AI bulls in Bangladesh.

Young bulls aged 3-6 years were found to be more susceptible to bTB than other age groups. Typically, an annual screening program is implemented in government farms, and reactors are removed from the positive herd.

As a result, younger animals exhibited a higher rate of positivity to bTB than the older animals.

In the tuberculin testing, bulls between 3 years to 6 years of age were found to be more susceptible to tuberculosis than the bulls of other ages in both CFT (7.5%) and CCT (4.8%). Similar findings were reported by Hossain et.al. (2012) who noted a substantially higher incidence of bTB occurring an early age (12).

When the type of bulls was considered, the bulls showed the highest percentage (3.9%) of positivity to CFT, followed by buffalo bull species (3.8%). On the other hand, in CCT, the bull species showed the

Table 2: Apparent prevalence of bovine tuberculosis based on caudal fold and comparative cervical tuberculin test in different AI farms of Bangladesh.

Tuberculin test	Positive / Tested	Prevalence ((95% CI))
Caudal fold	22/632	3.5 (2.2% - 5.2%)
Comparative cervical	13/632	2.1 (1.1% - 3.5%)

bTB পজিটিভ হওয়ায় সংক্রমণের হার দাঁড়ায় ২.১% (৯৫% CI:১.২-৩.৫%) (টেবিল-২)। সরকারি অও খামারগুলোতে CFT ও CCT পরীক্ষা এবং পজিটিভ হার উভয়ই বেসরকারি খামারের তুলনায় বেশি পাওয়া গিয়েছে (সরকারি খামারে পজিটিভ হার যথাক্রমে ৪.৪% ও ২.৮% এবং বেসরকারি খামারে ২.০% ও ০.৮%)।

আলোচনা

বাংলাদেশসহ উন্নয়নশীল দেশগুলোতে গরুর যক্ষ্মা একটি গুরুত্বপূর্ণ সমস্যা, যেখানে ভেটেরিনারি সেবা এখনও সন্তোষজনক পর্যায়ে পৌঁছায়নি। এর পেছনে একাধিক কারণ রয়েছে, যা ভূমিকা অংশে বর্ণনা করা হয়েছে। গরুর যক্ষ্মা শনাক্তকরণের জন্য দুটি বহুল স্বীকৃত ও কার্যকর পরীক্ষা ব্যবহৃত হয়- CCT এবং CFT। CCT তুলনামূলকভাবে সহজে করা যায় এবং এটি যে ভেটেরিনারিয়ান না তাকে দ্বারাও সম্পাদন যোগ্য। এই পরীক্ষার সংবেদনশীলতা বেশি হওয়ায় বৃহত্তর সংখ্যক সন্দেহভাজন প্রাণী শনাক্ত করা সম্ভব হয়। তবে ভুল পজিটিভ ফলাফল বাদ দেওয়ার জন্য CFT ব্যবহার করা হয়, কারণ এর নির্দিষ্টতা (specificity) বেশি, যদিও এটি পরিচালনার জন্য দক্ষ জনবল প্রয়োজন। এই গবেষণায় মোট নমুনার ৩.৫% প্রাণীর ক্ষেত্রে CFT-তে স্পষ্ট প্রদাহজনিত প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে, যা ব্যাথাযুক্ত ফোলা হিসেবে প্রকাশ পেয়েছে।

CFT পরীক্ষার ৬০ দিন পর CCT পরীক্ষায় ২.১% ষাঁড় পজিটিভ পাওয়া গিয়েছে। ইসলামসহ অন্যান্য গবেষকেরাও CFT ও CCT পরীক্ষায় পজিটিভ প্রাণির সংখ্যায় পার্থক্য থাকার কথা উল্লেখ করেছেন। এই গবেষণায় কৃত্রিম প্রজননকারী ষাঁড়দের মধ্যে CCT পরীক্ষায় ২.১% পজিটিভ পাওয়া গেছে, যা বাংলাদেশের ময়মনসিংহ, সিরাজগঞ্জ ও সাভার জেলায় পরিচালিত পূর্ববর্তী গবেষণাগুলোর তুলনায় অনেক কম। মাহমুদ এবং তার সহকর্মীদের (২০১৪) গবেষণায় উল্লিখিত তিন জেলায় সংক্রমণের হারছিল যথাক্রমে ৭.৩%, ১০.২% এবং ২৭.৫%। ইসলাম প্রমুখ (২০২১) কর্তৃক পরিচালিত এক গবেষণায় CFT ভিত্তিক সংক্রমণের আপাত হার ছিল ২০.৬% [৯৫% CI:১৭.৩-২৪.৩]। অতএব, এই গবেষণায় কৃত্রিম প্রজনন ষাঁড়ের মধ্যে যক্ষ্মার প্রকৃত সংক্রমণের হার নিয়ে কোনো নির্দিষ্ট সিদ্ধান্তে পৌঁছানো কঠিন। কারণ যক্ষ্মার প্রকোপ অনেকগুলো উপাদানের ওপর নির্ভর করে, যেমন: দেশের ভৌগোলিক অবস্থা, তাপমাত্রা, বৃষ্টিপাত, মানুষ ও প্রাণির স্বাস্থ্যবিধি, এবং জনস্বাস্থ্য ও ভেটেরিনারি খাতে প্রযোজ্য নিয়ন্ত্রক আইন (১০-১১)। তবে বর্তমান গবেষণাস্থলে যক্ষ্মার সংক্রমণের হার তুলনামূলকভাবে কম বলে মনে হচ্ছে। বাংলাদেশে এখনো প্রাণিসম্পদ বিশেষ করে কৃত্রিম প্রজনন ষাঁড় থেকে bTB নির্মূলের জন্য সীমিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৩৬ বছর বয়সী তরুণ ষাঁড়দের মধ্যে bTB সংক্রমণের হার তুলনামূলকভাবে বেশি দেখা গেছে। সাধারণত সরকারি খামারগুলোতে বার্ষিক স্ক্রিনিং প্রোগ্রাম চালু থাকে এবং পজিটিভ প্রাণিগুলোকে পৃথক করে ফেলা হয়। ফলে

highest percentage (2.6%) of positivity, where bull calves and buffalo bulls showed no positivity According to Islam et al. (2021), crossbred cows were 2.9 times (1.5; 5.9) more likely to be infected with bTB compared to indigenous cows (8). This finding was similar to our current study. Regular screening for bTB, particularly focusing on the Local X Friesian (L x F) breed and 3-6-year-old AI bulls, along with herd separation and adherence to testing authority recommendations, could help reduce within-herd transmission and lower the risk of zoonotic tuberculosis transmission in Bangladesh.

Conclusion

Mandatory annual screening of AI bulls is crucial to prevent bTB transmission. More attention should be paid to younger bulls and susceptible crossbreeds. Continuous surveillance and strict enforcement of bTB control programs are vital for animal and public health in Bangladesh.

Conflict of Interest: The authors declared that they had no conflict of interest.

Reference:

1.OIE 2008: World Animal Health Information Database (WAHID) Interface http://www.oie.int/wahid-prod/public.php. 2008;2008.
2. Ayele WY, Neill SD, Zinsstag J, Weiss MG, Pavlik I. Bovine tuberculosis: an old disease but a new threat to Africa. Int J Tuberc Lung Dis Off J Int Union Tuberc Lung Dis. 2004 Aug;8(8):924–37.
3. Thoen C, LoBue P, De Kantor I. The importance of Mycobacterium bovis as a zoonosis. Vet Microbiol. 2006 Feb 25;112(2–4):339–45.
4. Garnier T, Eiglmeier K, Camus JC, Medina N, Mansoor H, Pryor M, et al. The complete genome sequence of Mycobacterium bovis. Proc Natl Acad Sci U S A. 2003 Jun;100(13):7877–82.
5. Givens MD. Review: Risks of disease transmission through semen in cattle. Animal. 2018;12(s1): s165–71.
6. Cosivi O, Grange JM, Daborn CJ, Raviglione MC, Fujikura T, Cousins D, et al. Zoonotic tuberculosis due to Mycobacterium bovis in developing countries. Emerg Infect Dis. 1998;4(1):59–70.
7. Monaghan ML, Doherty ML, Collins JD, Kazda JF, Quinn PJ. The tuberculin test. Vet Microbiol. 1994 May;40(1–2):111–24.
8. Islam MN, Khan MK, Khan MFR, Kostoulas P, Anisur Rahman AKM, Alam MM. Risk factors and true prevalence of bovine tuberculosis in Bangladesh. PLoS ONE. 2021;16(2 February).
9. Mahmud.M.N, Belal, N. A, Shoshe. Prevalence of Bovine Tuberculosis in Cattle in the Selected Upazila of. 1 Coad M Clifford Rhodes SG Hewinson RG Vordermeier HM Whelan AO Repeat Tuberculin Skin Test Leads Desensitisation Nat Infected Tuberculous Cattle Which Assoc Elev Interleukin-10 Decreased Interleukin-1 Beta Re. 2014;12:141–5.
10. Broughan JM, Judge J, Ely E, Delahay RJ, Wilson G, Clifton-Hadley RS, et al. A review of risk factors for bovine tuberculosis infection in cattle in the UK and Ireland. Epidemiol Infect. 2016 Oct;144(14):2899–926.
11. Skuce RA, Allen AR, McDowell SWJ. Herd-Level Risk Factors for Bovine Tuberculosis: A Literature Review. Vet Med Int. 2012;2012:1–10.
12. Hossain ML, Khan MFR, Nazir KNH, Rahman MB. A Cross Sectional Study on Prevalence of Bovine Tuberculosis of Buffaloes in Bangladesh. Microbes Health. 2013;1(1):23–6.



Figure 1: Positive tuberculin reaction after 72 hours of inoculation on CFT test.

Figure 2: Positive tuberculin reaction after 72 hours of inoculation on CCT and measurement using standard slide calipers.

অপেক্ষাকৃত কম বয়সী প্রাণিদের মধ্যে সংক্রমণের হার বেশি পাওয়া যায়।

CFT পরীক্ষায় ৩-৬ বছর বয়সী ষাঁড়দের মধ্যে সংক্রমণের হার ছিল ৭.৫% এবং CCT পরীক্ষায় ৪.৮%, যা অন্যান্য বয়সের তুলনায় বেশি। হোসেন প্রমুখ (২০১২) এর পূর্ববর্তী গবেষণায়ও একই ধরনের ফলাফল পাওয়া গেছে, যেখানে দেখা গেছে যে কম বয়সী প্রাণিদের মধ্যে bTB সংক্রমণের হার বেশি।

ষাঁড়ের ধরন বিবেচনায় দেখা গিয়েছে, সাধারণ ষাঁড়দের মধ্যে CFT-তে পজিটিভ হার সর্বোচ্চ (৩.৯%), এরপর মহিষ ষাঁড় (৩.৮%)। অন্যদিকে, CCT-তে সাধারণ ষাঁড়দের মধ্যে সর্বোচ্চ পজিটিভ হার (২.৬%), যেখানে ষাঁড় বাছুর ও মহিষ ষাঁড়ের মধ্যে কোনো পজিটিভ পাওয়া যায়নি।

ইসলাম প্রমুখ (২০২১) দেখিয়েছেন যে সংকর জাতের গরুদের মধ্যে দেশি গরুর তুলনায় ২.৯ গুণ বেশি bTB সংক্রমণের ঝুঁকি থাকে। এই ফলাফলটি আমাদের বর্তমান গবেষণার অনুরূপ। বাংলাদেশে bTB সংক্রমণ নিয়ন্ত্রণে, বিশেষত ৩-৬ বছর বয়সী এবং Local × Friesian (L × F) সংকর জাতের কৃত্রিম প্রজনন ষাঁড়দের নিয়মিত স্ক্রিনিং, পৃথকীকরণ এবং পরীক্ষার সুপারিশ বাস্তবায়ন করা অত্যন্ত জরুরি। এ ধরনের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে খামারে bTB সংক্রমণ কমানো এবং পশু থেকে মানুষে জুনোটিক সংক্রমণের ঝুঁকি হ্রাস করা সম্ভব হবে।

উপসংহার

কৃত্রিম প্রজনন কাজে ব্যবহৃত ষাঁড়ের বাধ্যতামূলক বার্ষিক স্ক্রিনিং গরুর যক্ষ্মা (bTB) সংক্রমণ প্রতিরোধে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কমবয়সী ষাঁড় এবং সংবেদনশীল ক্রসব্রিড জাতের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া উচিত। বাংলাদেশে প্রাণী ও জনস্বাস্থ্য সুরক্ষার জন্য bTB নিয়ন্ত্রণ কর্মসূচির অব্যাহত নজরদারি এবং কঠোর প্রয়োগ অপরিহার্য।

One Health Initiatives in Barishal: Experiences from Advancing Antimicrobial Resistance Surveillance and Zoonotic Disease Research at the Regional Level

Ibrahim Khalil[1], A.K.M. Akbar Kabir[2], Md. Nurul Alam[1], Mahbubur Rahman[3]

[1]Field Disease Investigation Laboratory (FDIL), Barishal, Department of Livestock Services, [2]Department of Microbiology, Sher-E-Bangla Medical College (SBMC), Barishal, [3]Department of Community Medicine, Sher-E-Bangla Medical College (SBMC), Barishal

E-mail: ibrahim.khalil@dls.gov.bd

Introduction

The One Health approach—an integrated framework that links human, animal, and environmental health—is increasingly recognized as a crucial strategy for addressing complex and interconnected public health threats such as antimicrobial resistance (AMR), zoonotic diseases, and environmental health hazards. In Bangladesh, the implementation of One Health has been exemplified by several key initiatives. The National Action Plan (NAP) on AMR stands out as a multisectoral approach involving human health, animal health, aquatic health, and environmental sectors to reduce the spread of AMR through coordinated efforts, including surveillance, antimicrobial stewardship, and awareness campaigns [1]. Additionally, the One Health Poultry Hub in Bangladesh has been instrumental in promoting the One Health framework by facilitating collaboration among researchers, policymakers, and stakeholders [2].

However, while these national-level initiatives demonstrate the effectiveness of the One Health framework, local and regional One Health initiatives play a critical role in addressing public health challenges at the community level, where localized, context-specific interventions can yield the most significant results. At the same time, the effectiveness of local One Health initiatives is often hindered by several challenges.

Despite the challenges faced by local One Health initiatives, Barishal, a southern part of Bangladesh, has made significant strides in implementing the One Health model. It has achieved notable progress in AMR surveillance, zoonotic disease research, and community engagement through collaboration between the Field Disease Investigation Laboratory (FDIL), a regional animal health laboratory, and Sher-E-Bangla Medical College (SBMC), Barishal representing a key regional human health laboratory. This success highlights the effectiveness of targeted, community-driven

বরিশালে ওয়ান হেলথ উদ্যোগ: আঞ্চলিক পর্যায়ে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্টেন্স নজরদারি এবং যোনোটিক রোগ গবেষণায় অগ্রগতির অভিজ্ঞতা

ইব্রাহিম খলিল[১], এ.কে.এম. আকবর কবির[২], মো. নূরুল আলম[১], মাহবুবুর রহমান[৩]

[১]ফিল্ড ডিজিজ ইনভেস্টিগেশন ল্যাবরেটরি (এফডিআইএল), বরিশাল, প্রাণিসম্পদ অধিদপ্তর, [২]মাইক্রোবায়োলজি বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ (এসবিএমসি), বরিশাল, [৩]কমিউনিটি মেডিসিন বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ (এসবিএমসি), বরিশাল

ভূমিকা

ওয়ান হেলথ পদ্ধতি–একটি একীভূত কাঠামো যা মানব, প্রাণী এবং পরিবেশের স্বাস্থ্যকে সংযুক্ত করে–এটি অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্টেন্স (এএমআর), যোনোটিক রোগ এবং পরিবেশগত স্বাস্থ্য বিপদের মতো জটিল এবং আন্তঃসংযুক্ত জনস্বাস্থ্য হুমকির মোকাবিলায় একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে ক্রমবর্ধমানভাবে স্বীকৃত হচ্ছে। বাংলাদেশে, ওয়ান হেলথের বাস্তবায়ন কয়েকটি গুরুত্বপূর্ণ উদ্যোগের মাধ্যমে উদাহৃত হয়েছে। জাতীয় অ্যাকশন প্ল্যান (এএমআর) একটি বহু-খাতী পদ্ধতি হিসেবে গুরুত্বপূর্ণ, যেখানে মানব স্বাস্থ্য, প্রাণী স্বাস্থ্য, জলজ স্বাস্থ্য এবং পরিবেশ খাতকে একত্রিত করে এএমআর-এর বিস্তার রোধের জন্য সমন্বিত প্রচেষ্টা চালানো হয়, যার মধ্যে রয়েছে নজরদারি, অ্যান্টিমাইক্রোবিয়াল ব্যবস্থাপনা এবং সচেতনতা প্রচারণা। এছাড়া, বাংলাদেশে ওয়ান হেলথ পোল্ট্রি হাব ওয়ান হেলথ কাঠামো প্রচারের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যা গবেষক, নীতিনির্ধারক এবং স্টেকহোল্ডারদের মধ্যে সহযোগিতা বৃদ্ধিতে সহায়তা করেছে।

তবে, যদিও এসব জাতীয় পর্যায়ের উদ্যোগগুলো ওয়ান হেলথ কাঠামোর কার্যকারিতা প্রদর্শন করে, স্থানীয় এবং আঞ্চলিক ওয়ান হেলথ উদ্যোগগুলো জনগণের স্তরে জনস্বাস্থ্য চ্যালেঞ্জ মোকাবিলায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যেখানে স্থানীয় এবং প্রেক্ষিতভিত্তিক হস্তক্ষেপগুলো সবচেয়ে বেশি ফলপ্রসূ হতে পারে। একই সঙ্গে, স্থানীয় ওয়ান হেলথ উদ্যোগগুলোর কার্যকারিতা বেশ কিছু চ্যালেঞ্জের কারণে প্রায়ই বাধাগ্রস্ত হয়।

স্থানীয় ওয়ান হেলথ উদ্যোগগুলির সম্মুখীন চ্যালেঞ্জ সত্ত্বেও, বাংলাদেশের দক্ষিণাঞ্চলীয় বরিশাল ওয়ান হেলথ মডেল বাস্তবায়নে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। এ অঞ্চলে এএমআর নজরদারি, যোনোটিক রোগ গবেষণা, এবং স্থানীয় জনগণের সম্পৃক্ততার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সাফল্য অর্জিত হয়েছে, যা ফিল্ড ডিজিজ ইনভেস্টিগেশন ল্যাবরেটরি (এফডিআইএল), একটি আঞ্চলিক প্রাণী স্বাস্থ্য ল্যাবরেটরি এবং শের-ই-বাংলা মেডিকেল কলেজ (এসবিএমসি), বরিশাল এর মধ্যে সহযোগিতার মাধ্যমে সম্ভব হয়েছে। এই সাফল্যটি স্থানীয়ভাবে লক্ষ্যবস্তুকৃত, জন-সমাজ-চালিত ওয়ান হেলথ উদ্যোগগুলির কার্যকারিতা প্রদর্শন করে, যা জনস্বাস্থ্য চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর। এই প্রবন্ধে বরিশালে ওয়ান হেলথ প্রচেষ্টার বিবর্তন, সম্মুখীন হওয়া

One Health interventions in addressing public health challenges. This article outlines the evolution of One Health efforts in Barishal, examines the challenges encountered, and explores strategies for sustaining and expanding these initiatives to achieve a broader impact both at the national and global level.

Beginning of One Health Collaboration

The One Health journey in Barishal began in November 2022 when the Microbiology Department of SBMC announced a quiz competition for medical students to celebrate World AMR Awareness Week. A representative from the FDIL Barishal proposed expanding the event to include veterinary students of Patuakhali Science and Technology University (PSTU) through a joint collaboration. Although the joint quiz competition was postponed due to time constraint, this initial contact marked the beginning of a new partnership between FDIL and SBMC. Following this, both organizations engaged in discussions on launching a coordinated AMR surveillance program in FDIL, laying the groundwork for the region's One Health initiatives.

One Health Initiatives in Barishal

An overview of the key One Health initiatives taken and activities being implemented in Barishal region are listed in the Figure 1 which are described below briefly.

1. Capacity Building and Advancement of AMR Surveillance

In November 2022, a strategic collaboration between the FDIL and SBMC led to the initiation of AMR surveillance in poultry, highlighting a critical gap in training for conducting Antibiotic Sensitivity Testing (AST). To address this, the two institutions, with support from Chittagong Veterinary and Animal Sciences University (CVASU), developed a surveillance form and facilitated training for FDIL personnel through SBMC. Additionally, SBMC provided on-site assistance to FDIL, ensuring the laboratory's effective setup and marking a significant milestone in Barishal's One Health efforts. This initiative gained national recognition when FDIL presented their AMR surveillance findings at the One Health Bangladesh Conference in Dhaka in 2023. The recognition of their work attracted both national and international support, notably from the Fleming Fund's country grant for Bangladesh.

2. AMR at the Human-Animal Interface

In January 2024, a cross-sectional study conducted in Barishal compared AMR patterns in E. coli isolated from humans at SBMC and from animals at FDIL. The study involved testing 68 hospitalized human samples and 49 poultry samples. Veterinary students from PSTU contributed to data management and cleaning, while FDIL Barishal conducted the data analysis. The study revealed significantly higher

চ্যালেঞ্জ এবং এই উদ্যোগগুলিকে টেকসই এবং সম্প্রসারণের কৌশলগুলি আলোচনা করা হয়েছে, যাতে জাতীয় এবং বৈশ্বিক স্তরে আরও বিস্তৃত প্রভাব অর্জন করা যায়।

ওয়ান হেলথ সহযোগিতার সূচনা

বরিশালে ওয়ান হেলথ যাত্রা শুরু হয় ২০২২ সালের নভেম্বর মাসে, যখন শের-ই-বাংলা মেডিকেল কলেজের মাইক্রোবায়োলজি বিভাগ বিশ্ব এএমআর সচেতনতা সপ্তাহ উদযাপন উপলক্ষে মেডিকেল শিক্ষার্থীদের জন্য একটি কুইজ প্রতিযোগিতার আয়োজন করে। ফিল্ড ডিজিজ ইনভেস্টিগেশন ল্যাবরেটরি (এফডিআইএল), বরিশালের এক প্রতিনিধি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিএসটিইউ) ভেটেরিনারি শিক্ষার্থীদেরও এই ইভেন্টে অন্তর্ভুক্ত করার প্রস্তাব দেন। যদিও যৌথ কুইজ প্রতিযোগিতাটি সময়সীমার কারণে স্থগিত করা হয়েছিল, তবুও এই প্রাথমিক যোগাযোগটি এফডিআইএল এবং শের-ই-বাংলা মেডিকেল কলেজের মধ্যে নতুন এক অংশীদারিত্বের সূচনা করে। এর পর, উভয় প্রতিষ্ঠান এএমআর নজরদারি কর্মসূচি চালু করার জন্য আলোচনা শুরু করে, যা এই অঞ্চলের ওয়ান হেলথ উদ্যোগগুলির ভিত্তি স্থাপন করে।

বরিশালে ওয়ান হেলথ উদ্যোগ

বরিশাল অঞ্চলে যেসব প্রধান ওয়ান হেলথ উদ্যোগ নেওয়া হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে, সেগুলোর একটি সার্বিক চিত্র সংক্ষিপ্ত আকারে Figure 1 এ দেয়া আছে যার বিস্তারিত নিচে দেওয়া হলো।

১. এএমআর নজরদারি ও সক্ষমতা বৃদ্ধি

২০২২ সালের নভেম্বরে, এফডিআইএল এবং শের-ই-বাংলা মেডিকেল কলেজের মধ্যে একটি কৌশলগত সহযোগিতার মাধ্যমে পোল্ট্রিতে এএমআর নজরদারি শুরু করা হয়, যা অ্যান্টিবায়োটিক সেনসিটিভিটি টেস্টিং (এএসটি) পরিচালনার জন্য প্রশিক্ষণের একটি গুরুতর শূন্যতা তুলে ধরে। এই সমস্যা সমাধান করতে, উভয় প্রতিষ্ঠান, চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সায়েন্সেস ইউনিভার্সিটি (সিভিএএসইউ)-এর সহায়তায়, একটি নজরদারি ফর্ম তৈরি করে এবং এফডিআইএল কর্মীদের প্রশিক্ষণ প্রদান করতে শের-ই-বাংলা মেডিকেল কলেজ সহায়তা প্রদান করে। এছাড়া, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এফডিআইএল-কে সাইটে সহায়তা প্রদান করে, ল্যাবরেটরির কার্যকর স্থাপনা নিশ্চিত করে এবং বরিশালের ওয়ান হেলথ প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক চিহ্নিত করে। এই উদ্যোগটি জাতীয় স্বীকৃতি অর্জন করে যখন এফডিআইএল তাদের এএমআর নজরদারি ফলাফল ২০২৩ সালে ঢাকায় ওয়ান হেলথ বাংলাদেশ কনফারেন্সে উপস্থাপন করে। তাদের কাজের স্বীকৃতির ফলে জাতীয় এবং আন্তর্জাতিক সহায়তা আকৃষ্ট হয়, যার মধ্যে ফ্লেমিং ফান্ডের বাংলাদেশে দেশীয় অনুদান বিশেষভাবে উল্লেখযোগ্য।

২. মানব-প্রাণি সংযোগে এএমআর

২০২৪ সালের জানুয়ারিতে, বরিশালে একটি ক্রস-সেকশনাল স্টাডি পরিচালিত হয়, যা শের-ই-বাংলা মেডিকেল কলেজ (এসবিএমসি) থেকে মানব এবং ফিল্ড ডিজিজ ইনভেস্টিগেশন ল্যাবরেটরি (এফডিআইএল) থেকে প্রাণী থেকে পাওয়া E. coli-এর এএমআর প্যাটার্ন তুলনা করে। এই গবেষণায় ৬৮ জন মানব রোগী এবং ৪৯টি পোল্ট্রি নমুনা পরীক্ষা করা হয়। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি

resistance rates in human isolates for antibiotics such as Ampicillin and Azithromycin, with odds ratios of 4.3 and 9.3, respectively, compared to animal samples.

Principal Component Analysis (PCA) demonstrated that resistance to Ampicillin and Azithromycin was the dominant factor explaining variability in resistance patterns, emphasizing the urgent need for focused stewardship of these antibiotics. The overlap in resistance patterns between human and animal isolates highlighted the interconnectedness of human and animal health, with potential implications for the transmission of resistant bacteria across sectors.

The findings advocate for the establishment of integrated AMR surveillance frameworks that incorporate both human and animal health data, as well as the reinforcement of prudent antibiotic use policies in both settings. Furthermore, the study recommends the implementation of local antibiotic stewardship programs.

3. Multidrug Resistance in Urinary Tract Infections

From January to December 2023, a total of 1,670 urine samples were processed, of which 229 showed significant bacterial growth, giving a culture positivity rate of 13.7%; 95% CI 12.1–15.4). Among these 229 culture-positive samples, the most frequently isolated pathogen was E. coli (55.9%; 95% CI 49.5–62.3), followed by Pseudomonas spp. (20.5%; 95% CI 15.3–25.8), Klebsiella spp. (14.8%; 95% CI 10.2–19.5) and Acinetobacter spp. (8.7%; 95% CI 5.1–12.4). These estimates represent the overall prevalence of each pathogen among all UTI isolates, not their MDR profiles.

Overall, 70 of the 229 isolates were MDR-positive, corresponding to an MDR prevalence of 30.6% (95% CI 24.6–36.5) among culture-confirmed UTIs. In general, Acinetobacter spp. showed the highest MDR proportions, whereas E. coli and Pseudomonas spp. exhibited comparatively lower MDR prevalence, consistent with the lower odds of MDR observed in multivariable analysis (aOR = 0.3 for E. coli, $p < 0.05$; aOR = 0.1 for Pseudomonas spp., $p < 0.001$, compared with Acinetobacter spp.).

Multivariable logistic regression further demonstrated that male sex (aOR = 2.2; $p < 0.05$), admission to specialized units (SUs) (aOR = 6.1; $p < 0.001$), and attendance at private medical settings (PMSs) (aOR = 3.1; $p < 0.05$) were independently associated with higher odds of MDR-UTI. Notably, male patients attending PMSs had markedly increased odds of MDR (aOR = 21.8; $p < 0.05$). Multiple Correspondence



Figure 1. An overview of the One Health activities initiated or implemented at a regional level (Barishal) in Bangladesh.

বিশ্ববিদ্যালয়ের (পিএসটিইউ) পশুচিকিৎসক ছাত্ররা ডেটা ম্যানেজমেন্ট এবং পরিষ্কারের কাজে সহায়তা প্রদান করে, এবং এফডিআইএল বরিশাল ডেটা বিশ্লেষণ করে। গবেষণাটি মানব নমুনাগুলোর মধ্যে অ্যাম্পিসিলিন এবং অ্যাজিথ্রোমাইসিনের মতো অ্যান্টিবায়োটিকের জন্য প্রতিরোধের হার অনেক বেশি ছিল, যেখানে মানব নমুনাগুলোর জন্য অডস রেশিও ছিল যথাক্রমে ৪.৩ এবং ৯.৩, যা প্রাণী নমুনাগুলির তুলনায় অনেক বেশি।

প্রিন্সিপাল কম্পোনেন্ট অ্যানালাইসিস (পিসিএ) প্রদর্শন করেছে যে, অ্যাম্পিসিলিন এবং অ্যাজিথ্রোমাইসিনের প্রতি প্রতিরোধ ছিল প্রধান উপাদান যা প্রতিরোধের প্যাটার্নের পরিবর্তন ব্যাখ্যা করছিল, যা এই অ্যান্টিবায়োটিকগুলির জন্য তীব্রভাবে লক্ষ্যভিত্তিক ব্যবস্থাপনার প্রয়োজনীয়তার উপর জোর দেয়। মানব এবং প্রাণী নমুনাগুলোর মধ্যে প্রতিরোধের প্যাটার্নের ওভারল্যাপ মানব এবং প্রাণী স্বাস্থ্য সংযুক্তির কথা তুলে ধরে, যার সম্ভাব্য প্রভাব রয়েছে সেক্টরগুলোতে প্রতিরোধী ব্যাকটেরিয়া বিস্তারের উপর।

গবেষণার ফলাফলগুলি একটি একীভূত এএমআর নজরদারি কাঠামো প্রতিষ্ঠার পক্ষে সুপারিশ করে, যা মানব এবং প্রাণী স্বাস্থ্য সম্পর্কিত ডেটা উভয়কেই অন্তর্ভুক্ত করবে, এবং উভয় ক্ষেত্রে অ্যান্টিবায়োটিক ব্যবহারের ক্ষেত্রে বিচক্ষণ নীতিমালা শক্তিশালী করার জন্য জোর দেয়। এছাড়া, গবেষণাটি স্থানীয় অ্যান্টিবায়োটিক ব্যবস্থাপনা কর্মসূচি বাস্তবায়নের সুপারিশ করে।

৩. মূত্রনালী সংক্রমণে বহু ঔষধ প্রতিরোধ

২০২৩ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত মোট ১,৬৭০টি মূত্র নমুনা প্রক্রিয়া করা হয়, যার মধ্যে ২২৯টি নমুনায় উল্লেখযোগ্য ব্যাকটেরিয়া বৃদ্ধির প্রমাণ পাওয়া যায়, যা কালচার পজিটিভিটি রেট ১৩.৭% (৯৫% সিআই ১২.১১৫.৪) দেয়। এই ২২৯টি ক্যালচার-পজিটিভ নমুনার মধ্যে সবচেয়ে বেশি ছিল E. coli (৫৫.৯%; ৯৫% সিআই ৪৯.৫-৬২.৩), তার পরবর্তী ছিল Pseudomonas spp. (২০.৫%; ৯৫% সিআই ১৫.৩-২৫.৮), Klebsiella spp. (১৪.৮%; ৯৫% সিআই ১০.২-১৯.৫) এবং Acinetobacter spp. (৮.৭%; ৯৫% সিআই ৫.১-১২.৪)। এই হিসাবগুলো মোট মূত্রনালী সংক্রমণে (UTI) বিভিন্ন প্যাথোজেনের প্রাদুর্ভাব প্রতিফলিত করে।

মোট ২২৯টি আইসোলেটের মধ্যে ৭০টি ছিল এমডিআর-পজিটিভ, যা কালচার-নিশ্চিত

Analysis (MCA) identified MDR-positive status and admission to SUs as the major contributors to the first dimension of variability, while Acinetobacter spp. and Pseudomonas spp. predominantly contributed to secondary dimensions, highlighting the combined influence of healthcare setting and pathogen type on the MDR pattern [3].

4. Geospatial and Climatic Analysis of Dog Bite Cases in Barishal

In October 2024, we launched a collaborative research project analyzing dog bite cases using a secondary dataset from Barishal District Hospital. Veterinary students from PSTU contributed to data collection. This ongoing retrospective observational study examined approximately 1,20,000 dog and cat bite cases reported over a 36-month period across Barishal. It integrates patient demographic data, bite characteristics, and post-exposure prophylaxis (PEP) adherence with climatic variables, including temperature, humidity, and rainfall. The project is currently in the data input phase.

The findings are expected to inform region-specific rabies prevention strategies, enhance resource allocation, and strengthen community-based interventions. This study will highlight the value of integrating multidisciplinary data in One Health research to address the public health implications of dog bites and rabies.

5. Understanding the Genetic Diversity and Molecular Epidemiology of Dengue Virus

A collaborative study among the CVASU, FDIL Barishal, and SBMC was initiated to assess the genetic diversity of the dengue virus (DENV) in Bangladesh. The study detected genomic sequencing of virus from dengue patients, alongside mosquito trapping to evaluate vector prevalence. Additionally, the research explored the socioeconomic factors influencing dengue transmission and investigated the role of animal reservoirs and emerging vectors in the epidemiology of the virus.

The findings from this study are expected to provide critical insights for developing targeted prevention strategies and improve the understanding of the evolving dengue epidemiology in the Barishal and Chattogram regions. This research will contribute to national dengue control efforts. The manuscript is currently under review in a peer-reviewed journal.

6. Model Poultry Village

FDIL Barishal, with training support from FAO-ECTAD and Microbiology Department of SBMC initiated the Model Poultry village program in Barishal to promote antibiotic-free poultry farming. The aim was to reduce overuse of antibiotics by training the farmers on biosecurity, hygiene practice, risk of zoonotic disease transmission, and

মূত্রনালী সংক্রমণে (UTI) এমডিআরের প্রাদুর্ভাব ৩০.৬% (৯৫% সিআই ২৪.৬-৩৬.৫) হিসেবে গণ্য হয়। সাধারণভাবে, Acinetobacter spp. সবচেয়ে বেশি এমডিআর অনুপাত প্রদর্শন করেছে, যেখানে E. coli এবং Pseudomonas spp. তুলনামূলকভাবে কম এমডিআর প্রাদুর্ভাব দেখিয়েছে, যা মাল্টিভ্যারিয়েবল বিশ্লেষণে এমডিআরের কম সম্ভাবনা অনুযায়ী (E. coli এর জন্য aOR = ০.৩, p < ০.০৫; Pseudomonas spp. এর জন্য aOR = ০.১, p < ০.০০১, Acinetobacter spp. এর তুলনায়) সঙ্গতিপূর্ণ।

মাল্টিভ্যারিয়েবল লজিস্টিক রিগ্রেশন আরও প্রদর্শন করেছে যে, পুরুষ রোগী (aOR = ২.২; p < ০.০৫), বিশেষায়িত ইউনিটে (SUs) ভর্তি (aOR = ৬.১; p < ০.০০১), এবং প্রাইভেট মেডিকেল সেটিংসে (PMSs) উপস্থিতি (aOR = ৩.১; p < ০.০৫) এমডিআর-ইউটিআই-এর উচ্চ সম্ভাবনার সঙ্গে স্বাধীনভাবে সম্পর্কিত। বিশেষভাবে, PMSs-এ উপস্থিত পুরুষ রোগীদের এমডিআরের সম্ভাবনা যথেষ্ট বৃদ্ধি পায় (aOR = ২১.৮; p < ০.০৫)। মাল্টিপল করেসপন্ডেন্স অ্যানালাইসিস (MCA) এমডিআর-পজিটিভ স্ট্যাটাস এবং SUs-এ ভর্তি হওয়াকে প্রথম পরিবর্তনশীলতার জন্য প্রধান কারণ হিসেবে চিহ্নিত করেছে, যেখানে Acinetobacter spp. এবং Pseudomonas spp. গুলি প্রধানত সেকেন্ডারি পরিবর্তনশীলতাগুলির জন্য অবদান রেখেছে, যা স্বাস্থ্যসেবা পরিবেশ এবং প্যাথোজেন প্রকারের সম্মিলিত প্রভাব এমডিআর প্যাটার্নে তুলে ধরেছে।

৪. কুকুর কামড়ের ঘটনা এবং পরিবেশগত বিশ্লেষণ

২০২৪ সালের অক্টোবর মাসে, আমরা বরিশাল জেলা হাসপাতাল থেকে একটি সেকেন্ডারি ডেটাসেট ব্যবহার করে কুকুর কামড়ের ঘটনার উপর একটি যৌথ গবেষণা প্রকল্প শুরু করেছি। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিএসটিইউ) পশুচিকিৎসক ছাত্ররা ডেটা সংগ্রহে সহায়তা করেছে। এই চলমান রেট্রোস্পেকটিভ অবজারভেশনাল স্টাডি বরিশালে ৩৬ মাসের মধ্যে রিপোর্ট করা প্রায় ১,২০,০০০টি কুকুর এবং বিড়াল কামড়ের ঘটনা পর্যালোচনা করেছে। এতে রোগীদের ডেমোগ্রাফিক তথ্য, কামড়ের বৈশিষ্ট্য এবং পোস্ট-এক্সপোজার প্রোফিল্যাক্সিস (PEP) মেনে চলার তথ্য, তাপমাত্রা, আর্দ্রতা এবং বৃষ্টির মতো জলবায়ু পরিবর্তনশীলতার সঙ্গে একত্রিত করা হয়েছে। প্রকল্পটি বর্তমানে ডেটা ইনপুট পর্যায়ে রয়েছে।

এই গবেষণার ফলাফলগুলি অঞ্চলের নির্দিষ্ট রেবিস প্রতিরোধ কৌশল গঠন, সম্পদ বরাদ্দ উন্নত করা এবং সম্প্রদায়ভিত্তিক হস্তক্ষেপ শক্তিশালী করার জন্য সহায়তা করবে। এই গবেষণা ওয়ান হেলথ গবেষণায় বহু-বিশেষজ্ঞ ডেটার একীভূত ব্যবহারের মূল্য তুলে ধরবে, যা কুকুর কামড় এবং রেবিসের জনস্বাস্থ্য প্রভাব মোকাবিলায় সহায়তা করবে।

৫. ডেঙ্গু ভাইরাসের জেনেটিক বৈচিত্র্য এবং আণবিক মহামারীবিদ্যা সংক্রান্ত গবেষণা

বাংলাদেশে ডেঙ্গু ভাইরাস (ডিইএনভি) এর জেনেটিক বৈচিত্র্য মূল্যায়ন করতে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (CVASU), এফডিআইএল বরিশাল এবং শের-ই-বাংলা মেডিকেল কলেজ (এসবিএমসি) এর মধ্যে একটি যৌথ গবেষণা

importance of clean environment to prevent infection from animal to human. This model showcased one of the solutions to the reduction of AMR burden attributed to commercial poultry farming and risk mitigation in zoonotic transmission of pathogens though poultry value chain in Bangladesh.

Challenges of One Health at the Local Level

Implementation of One Health initiatives in Barishal has faced the following challenges:

- Challenges in coordinating efforts across agriculture, fisheries, and environmental sectors to establish a cohesive One Health team in Barishal.
- Limited voluntary engagement from local stakeholders.
- Absence of a comprehensive structural policy framework to support and direct One Health initiatives.
- Resource constraints, coupled with a lack of dedicated research grants to sustain the initiative.
- Lack of formal recognition from central authorities for local One Health workers and stakeholders.

Addressing these challenges is crucial for achieving a more integrated and effective One Health approach in Barishal.

Future Directions in Advancing One Health at the Local Level

To advance One Health implementation at the local level, the following actions are recommended:

- Activate Divisional One Health Committees with representatives from key sectors for regular discussions on challenges and solutions.
- Prioritize youth involvement in AMR surveillance and zoonotic disease control to drive innovation and sustainability.
- Provide training, educational programs, and research grants to equip youth with the necessary skills and knowledge.
- Ensure adequate financial support to sustain and expand One Health initiatives.
- Organize local seminars and workshops to promote the One Health concept and foster collaboration across sectors.
- Integrate environmental health, forestry, fisheries, and agriculture into the One Health approach for a more comprehensive solution.

These efforts, based on the Barishal experience, are essential for addressing local health challenges and supporting broader national and global One Health initiatives.

Conclusion

The One Health initiatives in Barishal through collaboration between FDIL Barishal and SBMCH, demonstrates the importance of local-level interventions in tackling AMR threats and innovation for zoonotic disease transmission by introducing locally available methods and resources such as one exemplified by the Model Poultry Village

শুরু করা হয়। এই গবেষণায় ডেঙ্গু রোগীদেরথেকে ভাইরাসের জিনোম সিকোয়েন্সিং করা হয়েছে, পাশাপাশি মশার ফাঁদ পেতে এর ভেক্টর প্রাদুর্ভাব মূল্যায়ন করা হয়েছে। এছাড়া, গবেষণাটি ডেঙ্গু সংক্রমণের ওপর প্রভাব ফেলানো অর্থনৈতিক ও সামাজিক কারণগুলো এবং প্রাণী রিজার্ভয়র ও উদীয়মান ভেক্টরদের ডেঙ্গু ভাইরাসের মহামারীবিদ্যায় ভূমিকা অনুসন্ধান করেছে।

গবেষণার ফলাফলগুলো লক্ষ্যভিত্তিক প্রতিরোধ কৌশল তৈরিতে গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি প্রদান করবে এবং বরিশাল ও চট্টগ্রাম অঞ্চলের ডেঙ্গু মহামারীবিদ্যার পরিবর্তনশীলতা বোঝার ক্ষেত্রে উন্নতি করবে। এই গবেষণা জাতীয় ডেঙ্গু নিয়ন্ত্রণ প্রচেষ্টায় অবদান রাখবে। ম্যানুস্ক্রিপ্টটি বর্তমানে একটি পিয়ার-রিভিউড জার্নালে পর্যালোচনার মধ্যে রয়েছে।

৬. মডেল পোল্ট্রি গ্রাম

এফডিআইএল বরিশাল, FAO-ECTAD এবং শের-ই-বাংলা মেডিকেল কলেজের মাইক্রোবায়োলজি বিভাগের সহায়তায় বরিশালে মডেল পোল্ট্রি ভিলেজ প্রকল্প শুরু করেছে, যার উদ্দেশ্য অ্যান্টিবায়োটিক-মুক্ত মুরগি পালন প্রচার করা। এর লক্ষ্য ছিল অ্যান্টিবায়োটিকের অতিরিক্ত ব্যবহার কমানো, খামারিদের জীবাণু নিয়ন্ত্রণ, স্বাস্থ্যবিধি, যোনোটিক রোগের সংক্রমণের ঝুঁকি এবং প্রাণী থেকে মানুষের মধ্যে সংক্রমণ প্রতিরোধে পরিষ্কার পরিবেশের গুরুত্ব সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া। এই মডেলটি বাণিজ্যিক পোল্ট্রি খামারের মাধ্যমে এএমআর বোঝা কমানোর এবং বাংলাদেশে পোল্ট্রি মূল্য চেইনের মাধ্যমে যোনোটিক রোগের সংক্রমণ ঝুঁকি কমানোর জন্য একটি সমাধান প্রদর্শন করেছে।

স্থানীয় পর্যায়ে ওয়ান হেলথের চ্যালেঞ্জ

বরিশালে ওয়ান হেলথ উদ্যোগগুলির বাস্তবায়নে নিম্নলিখিত চ্যালেঞ্জগুলি সামনে এসেছে:

- কৃষি, মৎস্য, এবং পরিবেশ খাতের মধ্যে সমন্বয় কার্যক্রমে আরো দৃঢ় করা প্রয়োজন, যার অভাবে বরিশালে একটি একীভূত ওয়ান হেলথ দল প্রতিষ্ঠা করা কঠিন হয়েছে।
- স্থানীয় স্টেকহোল্ডারদের স্বেচ্ছাসেবী অংশগ্রহণের সীমাবদ্ধতা।
- ওয়ান হেলথ উদ্যোগগুলোকে সমর্থন এবং পরিচালনা করার জন্য একটি ব্যাপক কাঠামোগত নীতি কাঠামোর অভাব।
